গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
www.rangunia.chittagong.gov.bd

চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলার এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব ইফতেখার ইউনুস, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময় ঃ ২৫/০৪/২০২২ খ্রি., বেলা ১১.০০ টা।
সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা (পরিশিষ্ট - ক) দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং পবিত্র ঈদুল ফিতর-২০২২ উৎসবকালীন সময়ে আইন শৃঙ্খলা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত ঃ সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উপস্থিত সকলের মতামত গ্রহণ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা, রাঙ্গুনিয়া।
২	উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনায় জানান, পবিত্র ঈদুল ফিতর-২০২২ আসন্ন। সাধারণ জনসাধারণ যেন ঈদুল ফিতর শান্তিপূর্ণ ভাবে উপভোগ করতে পারে উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাতে বিঘ্নিত না হয় সেলক্ষ্যে স্ব-স্ব এলাকায় সতর্ক নজরদারী রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন। উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে উন্মুক্ত আলোচনায় উপস্থিত চেয়ারম্যান, রাজানগর ইউ, পি জানান, উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল এবং আগের তুলনায় অনেক উন্নতি হয়েছে কিন্তু ব্রীক ফিল্ড সমূহে চাঁদাবাজি বন্ধ হচ্ছে না। চাঁদাবাজি বন্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি উপজেলার অপরাধ চিত্র সম্পর্কে সভাকে অবগত করানোর জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রামকে আহ্বান জানালে অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম জানান, আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। বিগত মাস হতে অদ্য তারিখ পর্যন্ত থানায় খুন, ডাকাতি, নারী নির্যাতন মামলা দায়ের হয়নি। পারিবারিক ও ভূমি বিরোধ সংক্রান্ত অভিযোগ থাকলেও আইন শৃঙ্খলা বিঘ্নিত হওয়ার কোন মামলা নাই। তিনি নারী নির্যাতন, ইভটিজিং সংক্রান্ত ঘটনা সমূহ অনেক ক্ষেত্রে প্রকাশ হয় না মর্মে মতবাদ ব্যক্ত করে ছাত্র-ছাত্রীরা যাতে নির্বিঘ্নে স্কুল-কলেজে যাতায়াত করতে পারে সে বিষয়ে সতর্ক নজর রেখে ইভটিজিং সংক্রান্ত ঘটনা প্রশাসনকে সঠিক সময়ে জানানোর জন্য আহ্বান জানান এবং নিম্নরূপে মার্চ, ২০২২ মাসের অপরাধ চিত্র পেশ করেন।	আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশি টহল জোরদারকরণ, স্ব-স্ব এলাকায় অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ওয়ারেন্টভুক্ত আসামী-দের গ্রেফতারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা ও দক্ষিন রাঙ্গুনিয়া থানা ও সংশ্লিষ্ট সকল।

ক্রঃনং	বিবরন	সংখ্যা
১	মাদক	৭
২	অন্যান্য	১২
	সর্বমোট	১৯

CamScanner

ক্রঃ নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২	সভাপতি থানার অপরাধ চিত্র বিষয়ে বিস্তারিত আলোচনায় করেন এবং বিস্তারিত আলোচনায় উপস্থিত সকলেই সন্তোষ প্রকাশ করেন। তিনি আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ বিভিন্ন অপরাধের সহিত জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান।		
৩	মাদক/ইয়াবা ব্যবসা ও ইভটিজিং সংক্রান্ত ঃ সভাপতি ইভটিজিং কার্যক্রম/মাদক ব্যবহার সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি জানান, অনেক সময় ইভটিজিং সংক্রান্ত কার্যক্রম ঘটলেও সামাজিক বা অন্যান্য প্রভাবের কারণে ঘটনা সমূহ প্রকাশ পায় না। তিনি স্ব-স্ব এলাকায় ইভটিজিং ঘটনার সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কিংবা অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রামকে তাৎক্ষনিক ভাবে সংবাদ দেয়াসহ মাদক ও ইভটিজিং কার্যক্রমে জড়িদের আইনের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল ও দঃ রাঙ্গুনিয়া থানা , চট্টগ্রামকে অনুরোধ করেন এবং এ বিষয়ে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধিদের আহ্বান জানান।	ইভটিজিং কার্যক্রমে/মাদক/ইয়াবা ব্যবসার সহিত জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল।
৪	ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রমজান মাসে বাজারের দ্রব্য মূল্য মূল্য স্থিতি- শীল রাখা সংক্রান্ত ঃ সভাপতি জানান, ভ্রাম্যমান আদালত পরিচালনার কার্যক্রম অব্যাহত আছে। আসন্ন পবিত্র রমজান মাসে বাজারের দ্রব্য মূল্য যাতে স্থিতিশীল থাকে সে বিষয়ে সতর্ক নজর রাখার জন্য সকল জনপ্রতিনিধিদের আহ্বান জানান। ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত থাকবে এবং ভ্রাম্যমান আদালত চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষায় সকলের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।	পবিত্র রমজানে বাজারের দ্রব্য মূল্য স্থিতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ভ্রাম্যমান আদালত পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রশাসন, সহকারী কমিশনার (ভূমি) ও অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল ও দঃ রাঙ্গুনিয়া থানা, চট্টগ্রাম এবং সংশ্লিষ্ট সকল।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন ।

২৫/০৪/২০২২

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫০০.৫১০.১৮.০৭৮.২০২২-৪২৬

তারিখ: ১২ বৈশাখ,১৪২৮ বাংলা
২৫ এপ্রিল, ২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। ড. হাছান মাহমুদ এম. পি, মাননীয় মন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি। (সদয় অবগতির জন্য।)
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৫। মেয়র, রাঙ্গুনিয়া পৌরসভা, চট্টগ্রাম।
৬। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৭। উপজেলা ....কর্মকর্তা (সকল) রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
৯। জনাব .... রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
১০। অফিস নথি।

২৫/০৪/২০২২

ইফতেখার ইউনুস
উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।
ফোন নং-০২৩৩৪৪৫৯৬৬৯
ইমেইল: unorangunia@mopa.gov.bd

CamScanner